৯৬ ইত্তেফাক

তারিখ ... ১০/২/৮২

পৃষ্ঠা ... ... কলাম ... ...

২০

130

# বেসরকারী শিক্ষকদের সংশোধিত বেতন স্কেল প্রসঙ্গে

অনেক জল্পনা-কল্পনার পর অবশেষে বেসরকারী শিক্ষকদের সংশোধিত বেতন স্কেল বিগত ১লা জানুয়ারী '৮২ ইং তারিখে ঘোষিত হইয়াছে। উক্ত স্কেলের সাথে দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক ও অন্যান্য কর্মচারী নিয়োগের ব্যাপারে একই তারিখ হইতে অনুসরণযোগ্য ন্যূনতম যোগ্যতা সম্বলিত কতকগুলি নিয়োগ বিধি ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হইয়াছে। পূর্বের খিচুড়ি মার্কা বেতন স্কেলের অনেক ত্রুটি বিচ্যুতি বর্তমান বেতন স্কেলে রহিত হইয়াছে নিঃসন্দেহে। তবে কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের ন্যূনতম যোগ্যতা নির্ধারণের ব্যাপারে দুই-একটি স্থানে বর্তমান বেতন স্কেল আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছে—যা আমরা ত্রুটিমুক্ত নয় বলিয়া মনে করি। যেমন ঃ কলেজের নূতন প্রভাষক নিয়োগের ব্যাপারে ন্যূনতম যোগ্যতার ছকে '(খ)' এর আর্টিকেলে শিক্ষকতার অভিজ্ঞতার উল্লেখ নাই। যা নিতান্তই সু-বিবেচনাপ্রসূত। কারণ সেখানে যদি শিক্ষকতার অভিজ্ঞতা চাওয়া হয় তবে বর্তমানে যাঁরা মাষ্টার্স ডিগ্রী নিয়া বাহির হইতেছেন তাঁহাদের পক্ষে উপরের তিনটি পদের (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সহকারী অধ্যাপক) জন্য আবেদন করাতো দূরের কথা শিক্ষকতার সর্বনিম্ন এই পদটির জন্য আবেদনের দ্বারও রুদ্ধ হইবে।

পক্ষান্তরে কামিল ও ফাজিল মাদ্রাসায় আরবীর প্রভাষক নিয়োগের ব্যাপারে এই সুচিন্তিত বিষয়টি সম্পূর্ণ উপেক্ষিত হইয়াছে। তাদের বেলায় উক্ত পদে '(খ)' আর্টিকেলে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতার বেড়া দেওয়া হইয়াছে। ফলে এখন যারা ২য় শ্রেণীর কামিল ডিগ্রী/উহার সমতুল্য ডিগ্রী/আরবী বা ইসলামিক ষ্টাডিজে ২য় শ্রেণীর অনার্স এবং ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী নিয়া নূতন বাহির হইতেছে তাহাদের পক্ষে 'প্রভাষকের' উপরের পদগুলির জন্য আবেদন করা কল্পনাতীত, (কেননা প্রত্যেকটিতে ১২, ৮, ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা চাওয়া হইয়াছে)। নীচে ও তাঁহাদের জন্য কোন পদ রাখা হয় নাই এবং আলোচ্য পদটির জন্য আবেদনের সুযোগ হইতেও তাঁহারা বঞ্চিত হইবেন। অথচ বাংলা-ইংরেজীর প্রভাষক নিয়োগের ব্যাপারে মাদ্রাসায় ও কলেজের মত উক্ত প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয় নাই। তাই আমরা মাদ্রাসায় বাংলা, ইংরেজী ও আরবীর প্রভাষক নিয়োগের ব্যাপারে সমতা বিধানের লক্ষ্যে কামিল ও ফাজিল মাদ্রাসায় প্রভাষক (আরবী)-এর ন্যূনতম যোগ্যতার কলাম হইতে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্বলিত (খ) আর্টিকেলটি বাদ দেওয়া যুক্তিযুক্ত মনে করি।

বেতন স্কেল দৃষ্টে মনে হয় কলেজের প্রভাষকবৃন্দ নিযুক্তির ৭ বৎসর পর 'সহকারী অধ্যাপক' পদের জন্য আবেদন করিতে পারিবেন। এতে তাহাদের বেতনক্রম ৭৫০-১৪৭০/- হইতে ১৪০০-২২২৫/-এ উন্নীত হইবে। কিন্তু মাদ্রাসার (কামিল) প্রভাষকগণ অনেকদিন শিক্ষকতার পরও উপরের পদ 'মুফাসসির/মুহাদ্দিস/ফকীহ/আদীব'-এর জন্য আবেদন করিতে পারিবেন না। কারণ উক্ত পদের জন্য আবেদন করিতে হইলে কামিল শ্রেণীতে ৫ বৎসর শিক্ষকতার অভিজ্ঞতা প্রয়োজন। মাদ্রাসার প্রভাষকদের তো কামিল শ্রেণীতে শিক্ষাদানের সুযোগ কম। যেহেতু কামিল মানের মাদ্রাসার সংখ্যা নিতান্ত স্বল্প। তদুপরি ঐ স্বল্প মাদ্রাসায় কামিল-এর দুইটি শ্রেণীতে পাঠদানের জন্য অধ্যক্ষ, উপাধ্যক্ষ, মুহাদ্দিস/মুফাস্সির/ফকীহ/আদীব পর্যাপ্ত পরিমাণ সংখ্যায় আছেন। অতএব, আমরা কলেজের সাথে সংগতি রক্ষার নিমিত্ত মুফাসসির/মুহাদ্দিস/ফকীহ/আদীবদের ন্যূনতম যোগ্যতার কলামের (খ) আর্টিকেলটি সংশোধন করিয়া কামিল শ্রেণীতে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতার স্থলে ফাজিল শ্রেণীতে ৫ বৎসরের শিক্ষকতার' অভিজ্ঞতা উল্লেখ করা উচিত মনে করি। আশা করি শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এদিকে সত্বর দৃষ্টিদান করিবেন।

— আজিজুল হক, চুনতি ...সা, চট্টগ্রাম।